

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.৩৭.০০১.২৬- ৫০২২/০১

তারিখ: ২২/০৬/২০২৬ খ্রি.

বিষয়: চাকরি নিয়মিতকরণের লক্ষ্যে খসড়া তালিকা প্রকাশ সংক্রান্ত


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নিম্নবর্ণিত গ্রেডের কর্মচারীগণের চাকরি নিয়মিতকরণের লক্ষ্যে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত তথ্যছকে তালিকাভুক্ত করা হয়েছে। তথ্যছকে তালিকাভুক্ত প্রত্যেকের নামের পাশে বর্ণিত তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কি-না তা যাচাইপূর্বক মন্তব্য কলামে যে সকল আপত্তি/অসম্পূর্ণ তথ্যাদি উল্লেখ রয়েছে তা নিষ্পত্তির জন্য এবং কোনো তথ্য ভুল লিপিবদ্ধ হলে তা সংশোধনের লক্ষ্যে এসঙ্গে খসড়া তালিকা প্রকাশ করা হলো।

ক্রম.	শ্রেণি/গ্রেড	নিয়োগের ধরণ	উপস্থাপিত সংখ্যা
(১)	৩য় শ্রেণি (১৩-১৬ গ্রেড)	আত্তীকৃত	৭৫ টি
(২)	৪র্থ শ্রেণি (১৭-২০ গ্রেড)	আত্তীকৃত	২০৪ টি
(৩)	৩য় শ্রেণি (১৩-১৬ গ্রেড)	প্রকল্প	০৮ টি
(৪)	৪র্থ শ্রেণি (১৭-২০ গ্রেড)	প্রকল্প	৫৩ টি
(৫)	প্রদর্শক/গ্রন্থাগারিক/শরীরচর্চা শিক্ষক (১০ম গ্রেড)	আত্তীকৃত	১৯ টি
(৬)	সহকারী গ্রন্থাগারিক (গ্রেড-১৪)	আত্তীকৃত	৩৭ টি
	সর্বমোট		৩৯৬ টি

এমতাবস্থায়, প্রকাশিত খসড়া তালিকার মন্তব্য কলামে চাহিত প্রয়োজনীয় তথ্যাদি প্রমাণকসহ আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, একই প্রতিষ্ঠানে একাধিক কর্মচারী থাকলে তাদের ক্ষেত্রে আলাদা আলাদা অগ্রায়নপত্রে তথ্যাদি প্রেরণ করতে হবে এবং সকল আবেদনকারীর ক্ষেত্রে অগ্রায়নপত্রের উপরে লাল কালি দিয়ে তালিকার স্ব-স্ব ক্রমিক নম্বরটি উল্লেখ করতে হবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক


(কামরুন্নাহার রীমা)

সহকারী পরিচালক (সা:প্র:)

ফোন: ০২-৪১০৫৩৯৭১

ad-admin@dshe.gov.bd



বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) –

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
- ০৩। অধ্যক্ষ, সরকারি কলেজ/টিটিসি (সকল);
- ০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
- ০৫। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ০৬। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ০৭। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);
- ০৯। জনাব ;
- ১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১১। সংরক্ষণ নথি।